মেহেরপুরে সংরক্ষিত নারী এমপি প্রত্যাশী ৭ নেত্রীর মনোনয়ন ফর্ম উত্তোলন

দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন পাবার লক্ষ্যে মেহেরপুর থেকে মনোনয়ন ফরম তুলেছেন সাত নারী নেত্রী।

গত বৃহস্পতিবার ৮ ফেব্রুয়ারি পর্যন্ত মনোনয়ন ফরম তোলার শেষ দিন দিনে তারা এই ৭ জন মনোনয়ন জমা দিয়েছেনও বলে জানা গেছে।

মনোনয়ন ফরম যারা তুলেছেন তারা হলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, সদস্য শামিম আরা হীরা, জেলা মহিলা আওয়ামী লীগের সভাপতি তহমিনা খাতুন, সাধারণ সম্পাদিকা লাভলি ইয়াসমিন, গাংনী উপজেলা মহিলা আওয়ামী লীগের সভাপতি আঞ্জুমান আরা, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান কাকুলি খাতুন।

মনোনয়ন প্রত্যাশীদের ফেসবুক ওয়াল ও দলীয় নেতা নেত্রীদের সাথে কথা বলে মনোনয়ন ফর্ম উত্তোলণ ও জমা দেওয়ার বিষয়টি নিশ্চিত হওয়া গেছে।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক জানান, দলীয়ভাবে কোন তথ্য আমার কাছে নেই তবে আমি শুনেছি মেহেরপুর ও গাংনী থেকে আট জন নেত্রী মনোনয়ন ফরম তুলেছেন।

তিনি আরো জানান, গত সংসদ নির্বাচনে দলীয় কেন্দ্রীয় ভাবে তিনজনের নাম প্রস্তাব করা হয়েছিল কিন্তু এবার কেন্দ্র থেকে কোন নির্দেশনা না আসায় আমরা কারো নাম প্রস্তাব করিনি আগামী ১৩ অথবা ১৪ তারিখের মধ্যে মনোনয়ন কনফার্ম হবে বলে জানতে পেরেছি।

মুজিবনগরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী দম্পত্তি আটক

মেহেরপুরের মুজিবনগরে ৫০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী দম্পত্তিকে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) ভোর সাড়ে ৬টার দিকে মুজিবনগর-আটকবর সড়কের বটতলা নামক স্থানে মুজিবনগর থানার এসআই মো: খালিদুর আশিকের নেতৃত্বে পুলিশের একটি দল এ অভিযান পরিচালনা করেন। আটক দম্পত্তিরা হলেন, ঢাকা পল্লবীর ব্লক- সি ৩৫ নম্বর বাসার বাসিন্দা আব্দুল মান্নানের ছেলে তানভীর হোসেন (৩০) এবং তার স্ত্রী স্বর্ণা খাতুন।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ আটকবর সড়কের হরেনের বটতলা নামক স্থানে এস আই মো: খালিদুর আশিক, এস আই ইস্রাফিল ও এএসআই সীমা খাতুন সঙ্গীও ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করেন। এসময় ওই স্থানের একটি চা দোকানের পাশের একটি হেয়ারিং রাস্তায় ওই দম্পত্তিতে দেখে তারা চ্যালেঞ্জ করেন এবং তানভির হোসের হাতে হাতে সাদা বস্তাতে তল্লাশি করে ৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেন।

এস আই মো: খালিদুর আশিক জানান, তানভিরের বিরুদ্ধে মাদক মামলায় আরও দুটি মামলা রয়েছে। ধারণা করা হচ্ছে তারা সীমান্ত এলাকা থেকে মাদক নিয়ে গিয়ে রাজধানী এলাকায় ব্যবসা করেন। তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

ভুল চিকিৎসায় শিশুর মৃত্যু গাংনীতে ভূয়া চিকিৎসকের দুই

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীর গাড়াবাড়ীয়াতে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

গাংনীর গাড়াবাড়ীয়াতে বিবাহিত ও অবিবাহিত খেলোয়াড়দের ফুটবল প্রীতি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেল ৪ টার সময় গাড়াবাড়ীয়া স্কুল এন্ড কলেজ মাঠে এ প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়।

এ খেলায় একদিকে অংশ গ্রহন করেন বিবাহিত ফুটবল খেলোয়াড় বৃন্দ অপরদিকে অংশগ্রহণ করেন অবিবাহিত ফুটবল খেলোয়াড় বৃন্দ।

এসময় খেলায় বিবাহিত খেলোয়াড়দের পক্ষে ক্যাপটেন মামুনর রশীদ, অবিবাহিত ফুটবল খেলোয়াড়দের পক্ষে ক্যাপ্টেন ছিলেন রাজীব হোসেন ও রেপারির দায়িত্ব পালন করেন রোকনুজ্জামান রাজা।

উক্ত খেলার শুভ উদ্বোধন করেন গাড়াবাড়ীয়া ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম জিনা। উপস্থিত ছিলেন ক্রিড়া প্রেমী ও সন্ধানী স্কুল এন্ড কলেজের গেট টিচার ইমদাদুল হক, ইয়ারুল ইসলাম, মিজারুল ইসলাম।

খেলায় ৪-১ গোলে অবিবাহিত ফুটবল খেলোয়াড়রা জয় লাভ করেন।

গাংনীর ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি ৮৪ ব্যাচের

মিলনমেলা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার ব্যাচ চুরাশিয়ানদের উদ্যোগে এসএসসি ১৯৮৪ ব্যাচের মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার দিনব্যাপী ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয় চত্বরে এ মিলনমেলা অনুষ্ঠিত হয়।

ব্যাচের গাংনীর আহবায়ক কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক গোলাম কিবরিয়ার সভাপতিত্বে এবং বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ রেডিওর জনপ্রিয় শিল্পী আব্দুর রশিদের সঞ্চালনায় অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষনা করা হয়।

অনুষ্ঠানের শুরুতে রেজিষ্ট্রেশন, নাস্তা ও বিভিন্ন গিফট আইটেম সরবরাহ করা হয়। ব্যাচের যে সকল বন্ধুরা মুত্যুবরন করেন তাদের জন্য দোয়া ও মাগফিরাত কামনা করা হয়। ব্যাচের সৈয়দ জাকির হোসেনের গ্রন্থনা ও পরিচালনায় এই অঞ্চলের নীল কুঠি অবলম্বনেলেখা বিশেষ নাটক ” সমঝোতা ” মন্ঞায়ন করা হয় ।

নাটকটিতে ব্রিটিশ শাসনের সময় নীলচাষ ও তাদের অত্যাচারের কাহিনী ফুটিয়ে তোলা হয়। বিভিন্ন চরিত্রে ব্যাচের বন্ধুরা অভিনয় করেন। অনুষ্ঠানে যাচের বন্ধুদের পরিচয়ের মধ্যে দিয়ে বন্ধু মিলনমেলার সার্থকতায় রুপ নেয়। সকল পদপদবী, সামাজিক অবস্থান বাদ দিয়ে শুধু ব্যাচ ৮৪ এই পরিচয়ে সবাই একত্রিত হয়েছিল। ৪০ বছর আগে এসএসসি পাশ করা বন্ধুরা উপস্থিত হতে পেরে তাদের সুখকর অনুভুতি ব্যাক্ত করছিল। সকলের বয়স ৫৫ বছরের অধিক হলেও অনুষ্ঠানে তাদের উচ্ছাস ছিল বাধাহীন। দীর্ঘদিন একজন আরেকজনের সাথে মিলিত হতে পেরে সবাই খুব খুশী ও আনন্দিত। অনুষ্ঠানের শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও আকর্ষণীয় র্রেফেল ড্র অনুষ্ঠিত হয়। ব্যাচ চুরাশিয়ান এর পক্ষ থেকে।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন লিটন মুন্সী, কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মকলেচুর রহমান, জহুরুল হক গামা, সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলি ভুট্টো,জাহাঙ্গীর হোসেন বিশ্বাস, সাবেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান চেয়ারম্যান আখেরুজ্জামান , মোর্তুজা আলম বুলবুল, ইডেন মহিলা কলেজের প্রফেসর রেহেনা পারভীন,প্রধান শিক্ষক নাসিমা ইয়াসমিন, প্রধান শিক্ষক আব্দুল মান্নান , প্রধান শিক্ষক মাহবুবুর রহমান কাজল সহ মেহেরপুর জেলাসহ পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলার এসএসসি ১৯৮৪

গাংনীতে যৌথ অভিযানে যুবককে জেল জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে র্যাবের ও ভ্রাম্যমান আদালতের যৌথ অভিযানে নেশা জাতীয় ইনজেকশন ও গাঁজাসহ আটক আসাদুজ্জামান রাব্বি
(২৪) কে এক বছর বিনাশ্রম কারাদণ্ডাদেশ দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) দুপুর ৩ টার দিকে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এই দণ্ডাদেশ দেন।

এসময় র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ মেহেরপুর ক্যাম্পর কমান্ডার এএসপি মনিরুজ্জামান উপস্থিত ছিলেন।

দণ্ডিত আসাদুজ্জামান রাব্বি গাংনী উপজেলার গোপালনগর গ্রামের মোঃ রবিউল ইসলামের ছেলে।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৯(১)(গ) ও ৩৬(১)(১৬) ধারায় এক বছর বিনাশ্রম কারাদণ্ড ও নগদ এক হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এর আগে র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিসি-৩, মেহেরপুর এর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এবং নির্বাহী ম্যাজিস্ট্রট ও সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের নেতৃত্বে গাংনী পৌরসভার ০৪ নং ওয়ার্ডের ক্ষনিকালয় বোর্ডিং এর সামনে পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে রাব্বিকে নেশা জাতীয় ৪ টি ফেন্টি, ৪ টির পেন্টাজো ইনজেকশন, দুই পুরিয়া গাঁজা এবং মাদকগ্রহণ কাজে ব্যবহৃত ১ টি সিরিঞ্জ উদ্ধার করা হয়।

এসময় সেখানে ভ্রাম্যমান আদালত (মোবাইল কোর্ট) পরিচালনা করে এই

কারাদন্ড প্রদান ও জরিমানা আদায় করা হয়। যার মোবাইল কোর্ট মামলা নং-১০/২৪, তারিখ-০৮/০২/২৪।

পরে বিকালের দিকে দণ্ডাদেশপ্রাপ্ত রাব্বিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়। এছাড়া জব্দকৃত মাদক পুড়িয়ে ধংশ করা হয়।

গাংনীতে শিশু যৌন নিপিড়ককে গণধোলাই শেষে পুলিশে

আট বছর বয়সী এক শিশুকে যৌন নিপিড়নের অভিযোগে আইনাল হোসেন (৫৫) নামের এক ব্যক্তিকে গণধোলাই শেষ পুলিশে দিয়েছে স্থানীয়রা।

আজ বৃহস্পতিবার (৮ ফেব্রয়ারি) বিকালে গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামের এই ঘটনা ঘটে। সন্ধ্যার দিকে গাংনী থানা পুলিশ তাকে আটক করে থানায় নিয়েছেন।

অভিযুক্ত আইনাল হোসেন মানিকদিয়া গ্রামের ওমর আলী শাহের জামাতা। তার নিজ বাড়ি কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার তালবাড়িয়া গ্রামে।

স্থানীয়রা জানান, মানিকদিয়া গ্রামের সাত বছর বয়সী এক শিশু তার বান্ধবীর সাথে বাড়ির পাশের মাঠে ফসলের ক্ষেতের বাইতুর শাক তুলতে যায়। ওই মাঠেই কাজ করছিলেন আইনাল হোসেন।

শিশু দুটিকে একা পেয়ে একটি শিশুকে মুখ চেপে যৌন নিপিড়ন চালায়। এসময় অপর শিশুটির চিৎকারে আশেপাশের লোকজন ছুটে যান। এসময় আইনাইল হোসেন পালানোর চেষ্টা করতে গেলে জনগণ তাকে আটক করে গণপিটুনি দেয়।

পরে খবর পেয়ে সন্ধ্যার দিকে গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে গিয় আইনালকে আটক করে থানায় নেন।

এবিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান, শিশু যৌন নিপিড়নের অভিযোগের আইনালের বিরুদ্ধে মামলা দায়ের হচ্ছে। তাকে গ্রেফতার দেখিয়ে মেহেরপুর আদালতে সোপর্দ করা

হবে।

স্থানীয়রা জানান, আইনাল হোসেনের বাড়ি কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার তালবাড়িয়া গ্রামে। প্রায় ২০ বছর আগে তার আগের পক্ষের কয়েকজন স্ত্রী ও সন্তান রেখে গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামে এসে ওমর আলী শাহের মেয়ের সাথে বিয়ে করেন। সেই থেকে এই গ্রামেই তার শশুরের বাড়িতে ঘরজামাই হিসেবে বসবাস করছেন।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে নবীন বরণ, বিদায়,পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) সকালে রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুল চত্বরে এসকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে পরিচালক মোঃ রাশেদ খাঁনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.মহা: আব্দুস সালাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মোঃ মাহফুজুর রহমান রিটন। এছাড়াও স্কুলের শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

এসময় স্কুলের নতুন শিক্ষার্থীদের মিষ্টি খাইয়ে বরণ করে নেওয়া হয়। পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মুজিবনগরে নিখোঁজের এক দিন পর মানসিক প্রতিবন্ধীর লাশ উদ্ধার

মুজিবনগরে নিখোঁজের এক দিন পর ভুট্টা ক্ষেত থেকে মানসিক প্রতিবন্ধী আয়ুব আলীর লাশ উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার (০৮ ফেব্রুয়ারি) সকালে উপজেলার কেদারগঞ্জ বাজার হাটের পশ্চিমে তারের কোল নামক মাঠে মানিকনগর গ্রামের আলী মল্লিকের কলা ক্ষেতে কাজ করার সময় সুজয় নামের লেবার পাশে বল্লভপুর গ্রামের হুদা মাষ্টারের ভুট্টা ক্ষেতে লাশ পড়ে থাকতে দেখে আশে পাশের লোকজনকে খবর দিলে লোকজন এসে সনাক্ত করে এটি আইয়ুব আলীর লাশ। পরে মুজিবনগর থানা পুলিশকে খবর দিলে থানা পুলিশ এসে লাশ হেফাজতে নেয়।

থানা পুলিশের প্রাথমিক তদন্ত শেষে লাশ ময়না তদন্তের জন্য মেহেরপুর সদর হাসপাতালে প্রেরণ করে।

মৃত আয়ুব আলীর পরিবারের সাথে কথা বলে জানা গেছে গত ১৫ দিন থেকে তার মাথার সমস্যা দেখা দিয়েছিল। গতকাল বুধবার সকাল দশটার দিকে সে বাড়ি থেকে বের হয় দুপুরে বাড়িতে না ফিরলে পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করে। বিকেলে এলাকায় তার নিখোঁজের জন্য মাইকিং করা হয়। সাথে চলতে থাকে খোঁজাখুঁজি সকালে খোঁজ পেয়ে এসে দেখে ভুট্টা ক্ষেতে তারা লাশ পড়ে আছে।

এ বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত জানান,খবর পেয়ে লাশ পুলিশ হেফাজতে নেয়। লাশের কিছু অংশ শিয়াল বা অন্য কোন প্রাণীতে খেয়ে ফেলেছে এবং পাশে একটি বিষের বোতল পাওয়া গেছে। প্রাথমিক তদন্ত শেষে নিশ্চিত হওয়া যায়নি এটা হত্যা না অন্য কিছু লাশ ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট আসলে বোঝা যাবে উপকৃত ঘটনা সম্পর্কে।

এ দিকে মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম নাজমুল হক (পিপিএম বার, বিপিএম) ঘটনাস্থল পরিদর্শন করেন।

মেহেরপুরে জেলা বিএনপির তিন নেতা আগাম জামিন পেলেন হাইকোর্ট থেকে

মেহেরপুরের গাংনী থানা পুলিশের দায়ের করা নাশকতার দুটি মামলায় আগাম জামিন পেলেন মেহেরপুর জেলা বিএনপি ও যুবদলের তিন নেতা। বাংলাদেশ হাইকোর্টের ২৭ নং কোর্টের বিচারক নজরুল ইসলাম ও এমদাদ হোসেন গঠিত দৈত্য বেঞ্চ আজ বুধবার (৭ ফেব্রুয়ারি) দুপুরে বিএনপি ও যুবদলের এই তিন নেতাকে ৬ সপ্তাহের জন্য আগাম জামিন দেন।

এরা হলেন, মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু ও গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস।

এর আগে মামলার অপর আসামি জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস-চেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, সাহারবাটি গ্রামের বিএনপি নেতা আব্দুল সাত্তারসহ অন্যান্য নেতাকর্মীরা মেহেরপুর জজকোর্টে আত্মসমপর্ণ করলে তাদের জামিন দেন।

গত বছরের ১৫ নভেম্বর হাসিনা সরকারের পদত্যাগ ও নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের একদফা দাবিতে ও নির্বাচন কমিশনের অবৈধ তফসিল প্রত্যাখান করে গাংনীতে বিএনপির মশাল মিছিল অনুষ্ঠিত হয়।

এঘটনায় পরে গাংনী থানা পুলিশের পক্ষ থেকে নাশকতার অভিযোগে দুটি মামলা দায়ের করে। মামলার নং যথাক্রমে ৬৯৩৯ ও ৬৯৪১। ৬৯৩৯ নং মামলায় এজাহার নামীয় ৭ জন এবং অজ্ঞাতনামা ২৫/২৬ জনকে আসামি করা হয়। এছাড়া ৬৯৪১ নং মামলায় এজাহারনামীয় ১০ জন এবং অজ্ঞাত নামা ২৫/৩০ জনকে আসামি করা হয়। মামলায় বিএনপি ও তার সহযোগী সংগঠনের বেশ কয়েকজনকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করে পুলিশ। এছাড়া কয়েকজন মেহেরপুর জেলা জজকোর্টে উপস্থিত হয়ে জামিনের আবেদন করলে জামিন দেন বিচারক।

জামিনে মুক্ত গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান